প্রদ, লতাগুলিও কল্পলতা সর্ব্বভোগদায়িনী এবং সেই তরুলতায় যে সকল ফল, ফুল, পাতা—সকলই সচ্চিদানন্দস্বরূপ এবং সুগন্ধি, আস্বাদনস্বরূপ; হেয়াংশ নাই বলিয়া রসরূপ। যাহাতে ত্বক্, বীজ, কঠিনাংশ প্রভৃতি হেয়াংশ থাকে, সে সমুদয়ই পাঞ্চভৌতিক অর্থাৎ পঞ্চভূতবিকার কিন্তু শ্রীভগবানের নামে যে সকল বস্তু আছে, সে সকলই অভৌতিক। রসযোগ আছে বলিয়া ভৌতিক আস্বাদনের মত বলিয়া মনে হয়। অতএব, এই রস বহুসাধনলভ্য। এই রসই পরব্রহ্ম; রসবিশিষ্ট ভৌতিকদ্রব্য এই জগতে রসরূপ বলিয়া বিখ্যাত হইয়া থাকে। মন্ত্র এবং তাহার প্রতিপাদ্য দেবতার মধ্যে মন্ত্র হইল বাচক, দেবতা তাহার বাচ্য। এই বাচ্য-বাচক পরস্পর ভেদশূন্য বলিয়া তত্ত্বজ্ঞ মুনিগণ বিচার করিতেছেন। অর্থাৎ মন্ত্র ও মন্ত্র-প্রতিপাদ্য দেবতায় কোন প্রকার ভেদ নাই। যেই মন্ত্র, সেই শ্রীকৃষ্ণ—এইরূপ অভেদ ভাবনার উপাসনা না করিলে অভীষ্ট বস্তুর আস্বাদন হয় না। বায়ু ও সাগর সংযোগে যেমন তরঙ্গ উপস্থিত হয়, সেই তরঙ্গ হইতে রাশি রাশি জলকণিকা উৎপন্ন হইয়া থাকে, তেমনি চৈতন্যসিন্ধুতে উপাধিসংযোগে ভগবৎস্বরূপভূত সহস্র আত্মা অভিব্যক্ত হইয়া থাকে। সেই স্থানে আশ্রয়স্বরূপ পরতত্ত্ববস্তু মূর্ত্ত এবং অমূর্ত্তস্বরূপে নিত্য অভিব্যক্ত আছেন। কিন্তু শ্রীভগবদাবির্ভাব প্রভৃতিতে নিজ নিজ উপাসনাশাস্ত্রের রীতি অনুসারে অপর কোন এক বিশেষ আছে। অর্থাৎ মূর্ত্ত সকল ভগবৎস্বরূপ অনাদিসিদ্ধ সচ্চিদানন্দ-বিগ্রহ। ঐ সকল শ্রীবিগ্রহে শ্রীকরচরণাদি স্বরূপ হইতে কিছুমাত্র ভিন্ন নহে। "আনন্দমাত্রপাণিপাদমুখোদরাদিঃ সর্ব্বত্র চ স্বগতভেদবিবর্জ্জিতাত্মা" শ্রীভগবানের পাণি, পাদ, মুখ, উদর প্রভৃতি আনন্দমাত্র অর্থাৎ আনন্দরস ভিন্ন আর কিছুই নহে। যেমন—চিনির রসে মানবশক্তির বৈচিত্রীতে চিনির রসের পুতুল হয়, তেমনি চিচ্ছক্তি যোগমায়ার বৈচিত্রীতে আনন্দ-রসবস্তু করচরণাদিবিশিষ্ট শ্রীবিগ্রহরূপে অভিব্যক্ত হইয়া থাকেন। চিনির পুতুলের যেমন হাত, পা সকলই চিনির রস হইতে অভিন্ন, তেমনি শ্রীমূর্ত্তির করচরণাদি আনন্দরসস্বরূপ হইতে অভিন্ন। মানবের যেমন হাত হইতে পায়ের ভেদ। কারণ হাতের দ্বারা ধরা যায়, পায়ের দ্বারা চলা যায়। পা ধরিতে পারে না, হাত চলিতে পারে না—এইরূপ ক্রিয়াগত পার্থক্য আছে বলিয়া অবয়বের ভিতরে পরস্পর যে একটা ভেদ আছে, সেই ভেদটির নাম স্বগতভেদ। শ্রীভগবানের করচরণাদিতে স্বগতভেদ নাই। কারণ "অঙ্গানি যস্য সকলেন্দ্রিয়বৃত্তিমন্তি" অর্থাৎ শ্রীভগবানের প্রতি অঙ্গই সকল ইন্দ্রিয়ের শক্তিযুক্ত; তিনি চক্ষুদ্বারা দেখিতেও পারেন, শুনিতেও পারেন। যেহেতু